

Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 16 April, 2025

দুর্নীতি, অনিয়ম ও নির্যাতনের অভিযোগ খতিয়ে দেখতে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) প্রশাসন একটি সত্যানুসন্ধান কমিটি গঠন করেছে। বুধবার (১৬ এপ্রিল) বিকালে জনসংযোগ দপ্তর প্রশাসক অধ্যাপক আখতার হোসেন মজুমদার সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গতকাল মঙ্গলবার (১৫ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের ৫৩৮-তম সিডিকেট সভায় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মোহাম্মদ মাস্টন উদ্দীনকে সভাপতি করে এই কমিটি গঠন করা হয়।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, উন্নয়ন প্রকল্প, শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ ও পদোন্নতিতে দুর্নীতি ও বঞ্চনার অভিযোগ, বিশেষ করে ২০০৯ সাল থেকে শুরু করে ২০২৪ সালের জুলাই অভ্যুত্থানকালীন সময় পর্যন্ত সংঘটিত নির্যাতন ও হয়রানির ঘটনাগুলোর তথ্য উদঘাটন করাই এই কমিটির মূল লক্ষ্য।

সত্যানুসন্ধান কমিটি দুর্নীতি অনিয়ম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 02:14

URL: <https://timestodaybd.com/campus/926472857>